

৩৪

তারিখ ... 11 NOV. 1990...

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

দৈনিক সংবাদ

**ঢাকা ভাসাট শিক্ষকরা  
আজ থেকে ক্লাস নেবেন**

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আজ থেকে বিশ্ববিদ্যালয়ে ক্লাস নেয়া শুরু করবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সরকারের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের নির্দেশ এবং জারি করা নতুন অধ্যাদেশের প্রতিবাদে এ সিদ্ধান্ত গ্রহণ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি  
সকল শিক্ষক এবং ছাত্র-ছাত্রীকে  
(৪-এর পৃঃ ২-এর কঃ দঃ)

**আজ থেকে ক্লাস নেবেন**

(প্রথম পৃঃ পর)

কালো ব্যাজ ধারণ করে ক্লাসে আসার আহ্বান জানিয়েছে।

এদিকে বিভিন্ন ছাত্র সংগঠনও পৃথক পৃথক বিবৃতিতে আজ থেকে ক্লাসে যোগ দেয়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র ছাত্রীকে প্রতি আহ্বান জানিয়েছে।

উল্লেখ্য, গত ১৩ই অক্টোবর সরকার ঢাকা বিশ্ববিদ্যালয় এক মাসের জন্য বন্ধ ঘোষণা করেন। সরকারী নির্দেশের মেয়াদ আগামীকাল শেষ হয়ে যাচ্ছে।